

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৭. সূর্যগ্রহণের সময়কালীন সালাত

بَابِ الصَّلَاةِ عِنْدَ الْكُسُوفِ

## আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدِ عَنْ عَمْرَةَ بِنْتِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَائِشَةَ أَنَّ يَهُودِيَّةً دَخَلَتْ عَلَيْهَا فَقَالَتْ أَعَاذَكِ اللَّهُ مِنْ عَذَابِ الْقَبْرِ فَلَمَّا جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَأَلَتْهُ أَيُعَذَّبُ النَّاسُ فِي قُبُورِهِمْ قَالَ عَائِذٌ بِاللَّهِ قَالَتْ إِنَّ رَسُولَ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَأَلَتْهُ أَيُعَذَّبُ النَّاسُ فِي قُبُورِهِمْ قَالَ عَائِذٌ بِاللَّهِ قَالَتْ إِنَّ رَسُولَ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَالَيْمُ رَكِبَ يَوْمًا مَرْكَبًا فَخَسَفَتْ الشَّمْسُ فَجَاءَ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَمَدَ إِلَى مَقَامِهِ الَّذِي كَانَ يُصَلِّي فِيهِ فَقَامَ النَّاسُ خَلْفَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنُولَ ثُمَّ مَعَدَ إِلَى مَقَامِهِ الَّذِي كَانَ يُصَلِّي فِيهِ فَقَامَ النَّاسُ خَلْفَهُ مَلَي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُو دُونَ الْقَيَامِ الْأُولُ ثُمَّ مَعْدَ سَجْدَتَيْنِ ثُمَّ قَامَ فَقُولَ مِثْلَ ذَلِكَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ الْأُولُ ثُمَّ سَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ قَامَ فَفَعَلَ مِثْلَ ذَلِكَ ثُمَّ وَلُهُ مَ إِنِي أُولُولَ ثُمَّ سَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ قَامَ فَفَعَلَ مِثْلَ ذَلِكَ ثُمَّ وَكُونَ اللَّهُمُ إِنِي أَعُودُ بُكَ مِنْ عَذَالَ الْقَيْلِ مَ عَذَالِ سَمِعْتُهُ يَقُولُ اللَّهُمُ إِنِي أَعُودُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ اللَّهُمُ إِنِي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ

## বাংলা

১৫৬৫. আয়িশা রাদিয়াল্লাভ্ আনহা থেকে বর্ণিত, এক ইয়ভ্দী মহিলা তাঁর নিকট এলো। এরপর সে (মহিলাটি আয়িশা রাদিয়াল্লাভ্ আনহাকে) বলল, 'আল্লাহ তা'আলা আপনাকে কবরের আয়াব হতে রক্ষা করুন।' এরপর নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম এলে তাঁকে তিনি (আয়িশা) জিজ্ঞেস করলেন, লোকদেরকে কি তাদের কবরে আয়াব দেওয়া হবে? রাসূলুল্লাহ্ (সা) বললেনঃ "(তা থেকে) আল্লাহর কাছে পানাহ চাই।" (এরপর) কোন এক দিন রাসূলুল্লাহ্ (সা) সাওয়ারীতে আরোহণ করেন। তখন সূর্যগ্রহণ আরম্ভ হয়। তিনি ফিরে আসেন এবং (সাওয়ারী হতে) অবতরণ করেন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম সেই স্থানে গেলেন য়েখানে তিনি সালাত আদায় করতেন। তারপর (তিনি সালাতে দাঁড়ালেন এবং) লোকেরাও তাঁর পেছনে দাঁড়ালো। তিনি দীর্ঘ কিয়াম করলেন। এরপর দীর্ঘক্ষণ রুকৃ'তে থাকলেন। তারপর (মাথা) উঠালেন, আবার দীর্ঘ কিয়াম করলেন। তবে এ কিয়াম প্রথম কিয়ামের চাইতে স্বল্পস্থায়ী ছিল। এরপর তিনি আবার দীর্ঘ রুকৃ' করেন। তবে এ রুকৃ' প্রথম রাকা'আতের) অনুরূপ



করেন। এরপর সূর্য উজ্জ্বল হয়ে গেলো, তখন তিনি আমার নিকট প্রবেশ করলেন। এরপর বললেন: "আমি তোমাদেরকে দেখলাম, তোমাদের কবরে তোমাদেরকে দাজ্জালের ফিতনার ন্যায় ফিতনায় ফেলা হচ্ছে।"আমি তাঁকে (এও) বলতে শুনেছি: "আল্লাহুম্মা ইন্নী 'আ'উযুবিকা মিন আযাবিল কাবরী, ওয়া 'আ'উযুবিকা মিন আযাবিন নার।"[1] (অর্থ: 'হে আল্লাহ! আমি কবরের আযাব হতে আপনার আশ্রয় প্রার্থনা করছি এবং আমি জাহান্নামের আযাব হতেও আপনার আশ্রয় প্রার্থনা করছি।')

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, কুসূফ ১০৪৯, ১০৫০; মুসলিম, কুসূফ ৯০৩; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং ৪৮৪১ (বিস্তারিত টীকাসহ); সহীহ ইবনু হিব্বান নং ২৮৪০, ২৮৪১, ২৮৪২, ২৮৪৫, ২৮৪৬ এবং মুসনাদুল হুমাইদী নং ১৭৯, ১৮০ তে।...

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন